আমাকে ফেলে রাখবেন না।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

ই-মেইলে প্রাপ্ত

**[ ভ্যাট বিভাগ ]**

**আদেশ**

তারিখ: ০৭ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ/ ১৯ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয়: বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন (বিটিআরসি) কর্তৃক মোবাইল অপারেটর কোম্পানিসমূহের অনুকূলে 4G লাইসেন্স ইস্যু বা নবায়ন ফি বা রয়্যালটি ফি বা টেকনোলজি নিউট্রালিটি ফি (2G ও 3G লাইসেন্সের ক্ষেত্রে প্রযোজ্য হলেও) বা স্পেকট্রাম ফি বাবদ ধার্যকৃত বা নির্দিষ্টকৃত অর্থের উপর মূল্য সংযোজন কর আরোপের জন্য ট্যারিফ মূল্য নির্ধারণ।**

**সাধারণ আদেশ নং- ০২/মূসক/২০১৮।**— যেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় ও যথোপযুক্ত অনুসন্ধানের পর এই মর্মে সন্তুষ্ট হইয়াছে যে, বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন (বিটিআরসি) কর্তৃক মোবাইল অপারেটর কোম্পানিসমূহের অনুকূলে 4G লাইসেন্স ইস্যু বা নবায়ন ফি বা রয়্যালটি বাবদ ধার্যকৃত বা নির্দিষ্টকৃত অর্থের উপর মূল্য সংযোজন কর আরোপের জন্য ট্যারিফ মূল্য নির্ধারণ করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, বোর্ড মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (৭) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নরূপ শর্ত সাপেক্ষে 4G লাইসেন্স ইস্যু বা নবায়নের ক্ষেত্রে বিটিআরসি কর্তৃক প্রাপ্ত বা প্রাপ্য লাইসেন্স বা টেকনোলজি নিউট্রালিটি ফি (2G ও 3G লাইসেন্সের ক্ষেত্রে প্রযোজ্য হলেও) বা স্পেকট্রাম ফি বা চার্জ বা রয়্যালটি বা উহার নবায়ন ফি বাবদ নির্ধারিত বা ধার্যকৃত অর্থের ৩৩.৩৪ (তেত্রিশ দশমিক তিন চার) শতাংশ অর্থকে উহার উপর আরোপনীয় মূল্য সংযোজন কর বা প্রযোজ্য ক্ষেত্রে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আরোপের নিমিত্তে ট্যারিফ মূল্য নির্ধারণ করিল, যথা:-

**শর্তঃ**

(ক) আলোচ্য ট্যারিফ মূল্য কেবল মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক নিরূপণের জন্য নির্ধারিত মূল্য এবং এক্ষেত্রে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৯ অনুযায়ী কোন উপকরণ কর রেয়াত প্রযোজ্য হইবে না;

(খ) 4G লাইসেন্স ইস্যুর ক্ষেত্রে প্রাপ্ত বা প্রাপ্য লাইসেন্স বা টেকনোলজি নিউট্রালিটি ফি (2G ও 3G লাইসেন্সের ক্ষেত্রে প্রযোজ্য হলেও) বা স্পেকট্রাম ফি বা চার্জ বা রয়্যালটি বা উহার নবায়ন ফি বাবদ প্রযোজ্য মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) বিটিআরসি কর্তৃক উৎসে কর্তনপূর্বক সরকারি কোষাগারে জমা প্রদানের পূর্বে মোবাইল অপারেটরদের অনুকূলে ইস্যুকৃত বা নবায়নকৃত লাইসেন্স কার্যকর করা যাইবে না; এবং

(গ) বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় ও যথোপযুক্ত অনুসন্ধানের পর, যে কোন সময় উক্ত ট্যারিফ মূল্য পরিবর্তন কিংবা রহিত করতে পারবে।

১৭.০২.১৮

হাছান মুহম্মদ তারেক রিকাবদার
প্রথম সচিব (মূসক নীতি)

প্রাপকঃ উপ-পরিচালক
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।

**( তাঁকে উল্লিখিত আদেশ এর ৫০০ (পাঁচশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো )**

৩৪৮

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০৫৯.১৪/৩৩ তারিখঃ ১৯/০২/২০১৮ খ্রিস্টাব্দ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

১। বাংলাদেশ মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, কাকরাইল, ঢাকা।

২। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট), জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।

৩-৫। সদস্য (শুল্ক নীতি)/ সদস্য (মূসক নীতি)/ সদস্য (মূসক বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৬-১৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।

১৮-২৩। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি,কমলাপুর/মংলা/বেনাপোল/পানগাঁও।

২৪-২৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূসক (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।

২৮। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ১২৭ বড়মগবাজার, ঢাকা।

২৯। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চট্টগ্রাম সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।

৩০। মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৩১। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৩২। চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি), আইইবি ভবন (৬ষ্ঠ, ৭ম ও ৮ম তলা), রমনা, ঢাকা-১০০০।

৩৩। প্রেসিডেন্ট/মহাসচিব, AMTOB, বাড়ি নং- ০৭ (২য় তলা), রোড নং- ৫৬, গুলশান-২, ঢাকা-১২১২।

৩৪। ব্যবস্থাপনা পরিচালক, গ্রামীনফোন লিমিটেড, জিপি হাউস, বসুন্ধরা, বারিধারা, ঢাকা-১২১৯।

৩৫। ব্যবস্থাপনা পরিচালক, ওরাস্কম টেলিকম বাংলাদেশ লিমিটেড, টাইগারস ডেন, বাড়ী নং-৪, বীর উত্তম মীর শওকত সড়ক, গুলশান-১, ঢাকা-১২১২।

৩৬। ব্যবস্থাপনা পরিচালক, রবি অজিয়েটা লিমিটেড, আম্বন টাওয়ার, ৯৯ বীর উত্তম একে খন্দকার সড়ক, ঢাকা-১২১২।

৩৭। ব্যবস্থাপনা পরিচালক, এয়ারটেল বাংলাদেশ লিমিটেড, ১৯/এ, বনানী, ঢাকা।

৩৮। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিঃ, রাজউক কমার্শিয়াল কম্পলেক্স, হোল্ডিং নং- ৩/এ, রোড নং- ১৭, গুলশান-১, ঢাকা-১২১২।

৩৯। ব্যবস্থাপনা পরিচালক, প্যাসিফিক বাংলাদেশ টেলিকম লিঃ, প্যাসিফিক সেন্টার, নীচ তলা, ১৪, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।

৪০। প্রথম সচিব (শুল্ক: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৪১। প্রথম সচিব (মূসক-বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৪২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৪৩। দ্বিতীয় সচিব (মূসক-বাস্তবায়ন পণ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১৯.০২.১৮

হাছান মুহম্মদ তারেক রিকাবদার
প্রথম সচিব (মূসক নীতি)